বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ওয়েলফেয়ার বিভাগ
www.bgfcl.gov.bd

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.০৪২.০৬.০০০৩.২৬.৭৬

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

**বিজ্ঞপ্তি**

বিষয়: **২০২৬-২০২৭ অর্থবছরে শিক্ষামূলক বৃত্তি প্রদান।**

"বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) শিক্ষাবৃত্তি নীতিমালা-২০২৩"-এর আওতায় কোম্পানির নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে সন্তানদের একাডেমিক ফলাফলের ভিত্তিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে শিক্ষামূলক বৃত্তির জন্য নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) আবেদন আহবান করা যাচ্ছেঃ

০১। নিম্নোক্তভাবে এই শিক্ষা বৃত্তি প্রযোজ্য হবেঃ
ক) পঞ্চম ও অষ্টম শ্রেণীর ক্ষেত্রে সরকারি বৃত্তি প্রাপ্ত হলে।
খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.০০ প্রাপ্ত হলে।
গ) "ও" লেভেল পরীক্ষায় ন্যূনতম ০৩টি বিষয়ে "এ"গ্রেড এবং "এ" লেভেল পরীক্ষায় ন্যূনতম ০২টি বিষয়ে "এ" গ্রেড প্রাপ্ত হলে।
ঘ) পলিটেকনিক/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং চূড়ান্ত পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.০০ প্রাপ্ত হলে।
ঙ) স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান চূড়ান্ত পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হলে।
চ) মেডিকেল (এমবিবিএস/সমমান) চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে।

০২। কোম্পানিতে নিয়মিত কর্মরত কর্মকর্তা/কর্মচারী'র সর্বোচ্চ ০২ জন সন্তান বৃত্তির জন্য বিবেচিত হবে।

০৩। জানুয়ারি-জুন, ২০২৬-এর মধ্যে ফলাফল প্রাপ্ত শিক্ষার্থীগণের অভিভাবকগণ (কর্মকর্তা/কর্মচারী) ৩১-০৭-২০২৬ তারিখের মধ্যে এবং জুলাই-ডিসেম্বর, ২০২৬ এর মধ্যে ফলাফল প্রাপ্ত শিক্ষার্থীগণের অভিভাবকগণ ৩১-০১-২০২৭ তারিখের মধ্যে ওয়েলফেয়ার বিভাগে আবেদন দাখিল করবেন।

০৪। আবেদনের সাথে একাডেমিক ফলাফলের স্বপক্ষে বোর্ড/শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র (Certificate) বা নম্বরপত্র (Mark Sheet) এবং প্রশংসাপত্র (Testimonial)-এর সত্যায়িত কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে উচ্চতর শ্রেণিতে ভর্তির স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণাদি দাখিল করতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার বৃত্তির ক্ষেত্রে যথাযথ প্রমাণক দাখিল সাপেক্ষে সর্বোচ্চ ০১(এক) বছরের পাঠ বিরতি গ্রহণযোগ্য হবে।

০৫। বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী যদি অধ্যয়ন বন্ধ করেন শিক্ষা প্রতিষ্ঠান ত্যাগ করেন, কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা বা অন্য যে কোনো কারণে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক বহিস্কৃত হন, তাহলে বৃত্তি প্রদান তাৎক্ষণিকভাবে বাতিল/বন্ধ করা হবে।

০৬। কোম্পানি কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর পড়াশোনার অগ্রগতির প্রতিবেদন তলব করতে পারবে। যদি, ক্ষেত্রবিশেষে কোন বৃত্তিপ্রাপ্ত সন্তানের অগ্রগতির প্রতিবেদন সন্তোষজনক প্রতীয়মান না হয় তাহলে সংশ্লিষ্টদের বৃত্তি প্রদান বাতিল বা রহিতকরণের অধিকার কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

০৭। বৃত্তির মঞ্জুরিপ্রাপ্ত নির্দিষ্ট মেয়াদের মধ্যে পদত্যাগ/ অবসরগ্রহণ/ বরখাস্ত/ চাকরির অবসান/ অপসারণ/ ছাটাই ইত্যাদি কারণে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী'র চাকরির পরিসমাপ্তি ঘটলেও মঞ্জুরিকৃত শিক্ষামূলক বৃত্তির অবশিষ্ট মেয়াদের অর্থ চেকের মাধ্যমে এককালীন প্রদেয় হবে।

**সংযুক্তিঃ**

(১) শিক্ষামূলক বৃত্তির আবেদন ফরম

সংযুক্তি: **১ প্রস্থ সংযুক্ত।**

০১-০৭-২০২৬
দীল আফরোজা
উপমহাব্যবস্থাপক (ওয়েলফেয়ার)

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), বিজিএফসিএল।
২। মহাব্যবস্থাপক(সকল), বিজিএফসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ ফিল্ড ইনচার্জ-অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৪। ব্যবস্থাপক(সকল), বিজিএফসিএল।
৫। সকল উপব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক/সহকারী কর্মকর্তা, বিজিএফসিএল।।